005

দৈনিক সংবাদ

তারিখ ...12 OCT 1988...
পৃষ্ঠা ...4... কলাম ...4...

(৭৩)

## পলিটেকনিকে সেশন জট

আমি চার বছর আগে '৮৪ সালে পলিটেকনিকে ভর্তি হয়েছি, কিন্তু এখনো দ্বিতীয় বর্ষের অর্ধেকটা সময় পেরোতে পারিনি। প্রায় দু'বছর পর ক্লাস শুরু হলেও প্রথম বর্ষের প্রথম ছয় মাস (১ম পর্ব) পেরোতে লেগেছে দেড় বছরের উপরে। এ পর্যন্ত দু'টি পর্ব সমাপনী পরীক্ষা দিয়েছি। সে সব পরীক্ষার তারিখ কমপক্ষে তিনবার পিছিয়েছে। এ যেন একটা নিয়ম হয়ে দাঁড়িয়েছে। সামনের পরীক্ষাও দু'বার তারিখ পিছিয়ে তৃতীয় বারের অপেক্ষায় রয়েছে।

তিন বছরের কোর্স ছয় বছরেও শেষ হওয়ার কোন লক্ষণ দেখতে পাচ্ছি না। আবার বহু প্রতিক্ষার পর পাস করে চাকরি নামক সোনার হরিণ খুঁজতে খুঁজতে অনেকেরই পেরিয়ে যাবে নির্ধারিত বয়সসীমা। এদিকে '৮৬ ও '৮৭ সনে ভর্তিকৃত দুটি ব্যাচের ক্লাস শুরু না করেই '৮৮'র ব্যাচে ছাত্র-ছাত্রী ভর্তি করে পরিস্থিতিকে করা হচ্ছে আরো জটিল। এমতাবস্থায় আমরা ভুগছি চরম হতাশায়।

তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন, একটি সম্ভাবনাময় যুব সমাজকে ধ্বংসের মুখে ঠেলে না দিয়ে পলিটেকনিক শিক্ষার সেশন জট নিরসনকল্পে ছাত্র, শিক্ষক, অভিভাবক, শিক্ষাবিদ ও বোর্ড কর্তৃপক্ষ সমন্বয়ে একটি কমিটি গঠন করে আশু পদক্ষেপ গ্রহণের মাধ্যমে আমাদেরকে রক্ষা করুন।

মো: শফিকুল হক মিন্টু,
২য় বর্ষ,
সিভিল ইঞ্জিনিয়ারিং,
পলিটেকনিক ইন্সটিটিউট,
ময়মনসিংহ।